Department of Education
Chancellor Richard A. Carranza

প্রিয় পরিবারবর্গ,

সিটি হিসেবে আমরা যখন একসাথে এই অনিশ্চিত সময়ের মধ্য দিয়ে যাচ্ছি, আমি আশ্চর্য, আপনারা সকলে আপনাদের প্রতিদিনের জীবনে যে প্রতিশ্রুতি এবং সহানুভূতি প্রদর্শন করছেন সেটি দেখে। মার্চ মাস থেকে, আমাদের স্কুল ব্যবস্থা নানানভাবে বিভিন্ন পরিস্থিতির সাথে খাপ খাইয়ে যাচ্ছে যা একসময় অচিন্তনীয় ছিলো। এখন, আমাদের স্কুল বছরের গত দুই মাসে, আমরা এখনও প্রতিদিন শিখছি এবং এগিয়ে যাচ্ছি, এবং আপনাকে ছাড়া এটি আমাদের পক্ষে সম্ভব হতো না: আমাদের পরিবার এবং আমাদের শিক্ষার্থী।

আমরা যখন এই নতুন বাস্তবতার সাথে নিজেদেরকে মানিয়ে নিচ্ছি, আমরা জানি তখন পুরো সিটি জুড়ে পিতামাতাগণ কোভিড -19-এর প্রভাব হেমন্তে (ফল) কতটা পড়বে সেবিষয়ে আরও জানতে উদগ্রীব। আমরা এইসব চ্যালেঞ্জ মোকাবেলার জন্য প্রস্তুত হতে এবং পরিকল্পনা গ্রহণে সব চেষ্টা চালিয়ে যাচ্ছি, এর মধ্যে আছে শিক্ষার্থীদেরকে অ্যাকাডেমিকভাবে সঠিক পথে রাখার লক্ষ্যে রিমোট সামার লার্নিং বিষয়ে আমাদের সম্প্রতি ঘোষিত পরিকল্পনাসমূহ, এবং এটি নিশ্চিতকরণ যে, আমাদের শিক্ষার্থীরা যেসব ট্রমার মুখোমুখি হচ্ছে সেগুলি সমাধানে তাদের সহায়তাদানে আমাদের সামাজিক এবং মানসিক সমর্থন তাদের জন্য রয়েছে। কোন কিছুই আমাদের শিক্ষার্থী এবং স্কুল কম্যুনিটির সুরক্ষা এবং কল্যাণের চেয়ে অধিক গুরুত্বপূর্ণ নয়, এবং এ বিষয়টি আমাদের জন্য ধ্রুব তারা হিসেবে বিদ্যমান থাকবে।

আমরা যখন পরবর্তী বছরের দিকে তাকাই, আমরা জানি হেমন্তে আমাদের স্কুল বিষয়ের অন্য একটি দিক যা আমাদের পরিবার এবং শিক্ষার্থীদের মনের মধ্যে উপরের স্থানে রয়েছে সেটি হলো: মিডল্ এবং হাই স্কুলে ভর্তি। শুরু থেকে, আমি স্পষ্টভাবে জানিয়েছি যে, শিক্ষার্থীদের নিয়ন্ত্রণে নেই এমন কিছুকে আমাদের প্রক্রিয়াকে বিঘ্নিত করতে দেবো না, এবং আমরা যে বৈশ্বিক মহামারির মোকাবেলা করছি সেটি নিশ্চিতভাবে শিক্ষার্থীদের নিয়ন্ত্রণের বাইরে। স্টেটের স্তরে, পরীক্ষাসমূহ স্থগিত করা হয়েছে। সিটি স্তরে, আমরা সমতা নিশ্চিত করতে উপস্থিতিকে একটি উপাদান হিসেবে গ্রহণের বিষয়টি বন্ধ রেখেছি এবং এমন একটি গ্রেডিং নীতি তৈরি করেছি যা স্পষ্ট প্রত্যাশা রক্ষা করে এবং এই সঙ্কটকালে শিক্ষার্থীরা যেসব কষ্টের মধ্য দিয়ে যাচ্ছে সেগুলি বিবেচনায় নেয়া হয়। সব কিছু মিলিয়ে, এইসব প্রয়োজনীয় পরিবর্তনের অর্থ আমাদেরকে পরবর্তী বছরের ভর্তি প্রক্রিয়ার সাথে মানানসই হতে হবে, বিশেষভাবে ঐসব স্কুল যেগুলি ভর্তিতে বাছাইয়ের পদ্ধতি ব্যবহার করে, অথবা তাদের ভর্তি প্রক্রিয়ার অংশ হিসেবে "বাছাইকৃত" উল্লিখিত থাকে।

আমি স্পষ্ট হতে চাই এবং আপনাদেরকে একটি প্রতিশ্রুতিও দিতে চাই: আমরা এখনও এই নীতির উপর কোন সিদ্ধান্ত নেইনি এবং আপনার, আমাদের শিক্ষার্থী এবং পরিবারের কাছ থেকে প্রথমে কিছু না শুনে কোন সিদ্ধান্ত নেব না। এই সময়ের দাবি পূরণ করে এমন একটি নীতি তৈরি করতে আমরা DOE শিক্ষার্থী এবং পরিবারের সাথে সহযোগিতা করবো। এবং যখন কোন নীতির ব্যাপারে সিদ্ধান্ত হবে, আমি আপনাদেরকে প্রতিশ্রুতি দিতে পারি যে আমরা নিশ্চিত করবো, সেটি যাতে নিরপেক্ষ, স্বচ্ছ, এবং এই বৈশ্বিক মহামারির সময় আমাদের সিটির ছেলে-মেয়েরা যে অভিজ্ঞতার ভিতর দিয়ে যাচ্ছে সেইসব বিভিন্ন অনভূতি বিবেচনায় থাকে।

এই কাজে আমাদের সহায়তায়, আমি আশাবাদী যে আপনি আপনার মতামত এবং চিন্তা আমাদের সাথে শেয়ার করবেন। এই চিঠির সাথে সংযুক্ত আছে, আমরা যে নতুন সংশ্লষ্টতার ঘোষণা করেছি সেটি - যা আমাদরকে ভর্তি বিষয়ে সিটিব্যাপী আপনার মতো পিতামাতা, শিক্ষার্থী, স্কুল নেতৃত্ব, এবং অ্যাডভোকেটদের কাছ থেকে শোনার সুযোগ দেবে। আমরা প্রতিটি বরোতে মিটিং করবো যাতে 2021-এর হেমন্তে শিক্ষার্থীরা কীভাবে স্কুলে ভর্তি হবে সে ব্যাপারে আপনি কী ভাবছেন এবং আপনার চিন্তা-ভাবনা কী সেসব শুনতে। আমরা আপনার মতামত জানতে চাই!

আমরা আমাদের স্কুল কম্যুনিটির সকল সদস্যকে অংশগ্রহণে আমন্ত্রণ জানাই, এবং আপনার কাছ থেকে শোনার প্রত্যাশায় আছি। আমি প্রতিদিন আপনাদের প্রত্যেকের দ্বারা দারুণ অনুপ্রাণিত, এবং আমি আত্মবিশ্বাসী যে, এমনকি এই মহামারির মধ্যেও, আমরা আপনাদের কাছ থেকে অনেক কিছু জানবো এবং যে সমৃদ্ধ অভিজ্ঞতা ও দৃষ্টিভঙ্গি আপনারা এই অলোচনায় আনবেন সেগুলি শুনবো। আমাদের 1.1 মিলিয়ন পাবলিক স্কুল শিক্ষার্থীদের অব্যাহত পরিষেবা প্রদানে আমরা একসাথে কাজ করার প্রত্যাশায় আছি।

একাত্মতার সাথে,



রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)

চ্যান্সেলর

# COVID19 এবং যাচাইকৃত বা স্ক্রিনড্ অ্যাডমিশন্স

ফল (হেমন্তকাল) 2021-এর DOE ভর্তি বা অ্যাডমিশন্সে কোরোনাভাইরাস মহামারীর প্রভাবের একটি সংক্ষিপ্তসার

## যাচাইকৃত বা স্ক্রিনড্ স্কুল কোনগুলো?

অনেক স্কুলে, বিদ্যমান আসনসংখ্যার চেয়ে আবেদনকারী পরিবারের সংখ্যা বেশি। কোন্ শিক্ষার্থীরা ঐ স্কুলে অফার পাবে তা নির্ধারণ করতে, কিছু স্কুল "যাচাইকৃত বা স্ক্রিনড্" ভর্তি পদ্ধতি ব্যবহার করে। এই স্কুলগুলো শিক্ষার্থীকে একটি র‍্যাংক দিতে তাঁর অ্যাকাডেমিক রেকর্ড এবং/অথবা অন্যান্য তথ্য দেখে। সাধারণত, শিক্ষার্থীদের এই স্কুলগুলোতে র‍্যাংক অনুযায়ী ভর্তি করা হয়, এর অর্থ হলো সর্বোচ্চ র‍্যাংকে অবস্থিত শিক্ষার্থী সবার আগে অফার পাবে, এরপর দ্বিতীয় র‍্যাংকে অবস্থিত শিক্ষার্থী, এবং এভাবে চলবে।

অ্যাডমিশন বা ভর্তি পদ্ধতিসমূহ সম্পর্কে আরো তথ্য অনলাইনে আমাদের মিডল্ স্কুল এবং হাই স্কুল অ্যাডমিশনস্ গাইডগুলোতে পাওয়া যাবে।

## সিটি জুড়ে কতগুলো যাচাইকৃত বা স্ক্রিনড্ স্কুল আছে?

- প্রায় 400 টি হাই স্কুল রয়েছে ~125 (30%) -টি তাদের আসনসংখ্যার একটি অংশের জন্য যাচাই বা স্ক্রিন করে। ~75 (18%) -টি তাদের সব আসনের জন্য যাচাই বা স্ক্রিন করে।
- প্রায় 500 টি মিডল্ স্কুল রয়েছে ~195 (41%) -টি তাদের আসনসংখ্যার একটি অংশের জন্য যাচাই বা স্ক্রিন করে। ~110 (23%) -টি তাদের সব আসনের জন্য যাচাই বা স্ক্রিন করে।

## কোন্ শিক্ষার্থীরা ভর্তি প্রক্রিয়ায় অংশ নেয়?

নিউ ইয়র্ক সিটির শিক্ষার্থীরা যারা ভর্তি হতে চায় তাদের অবশ্যই মিডল্ ও হাই স্কুলগুলোতে আবেদন করতে হবে। প্রতি বছর, পঞ্চম (5) গ্রেডের শিক্ষার্থীরা মিডল্ স্কুলে এবং অষ্টম (8) গ্রেডের শিক্ষার্থীরা হাই স্কুলে আবেদন করে। তারা সর্বোচ্চ 12-টি প্রোগ্রাম তাদের আবেদনপত্রে যোগ করে এবং বসন্তে অফার গ্রহণ করে।

## ভর্তি বা অ্যাডমিশনের সাথে COVID19-এর কী সম্পর্ক?

COVID19-এর কারণে, স্কুলগুলো র‍্যাংক করার জন্যে যে প্রাথমিক অ্যাকাডেমিক তথ্য ব্যবহার করে, সেগুলো এখন নেই:

- স্টেট সকল এলিমেন্টারি ও ইন্টারমিডিয়েট পর্যায়ের স্টেট টেস্ট অবশিষ্ট শিক্ষা বছরের জন্যে স্থগিত করেছে।
- 2020-21 সালের ভর্তি চক্রে (অ্যাডমিশন্স সাইকেল) উপস্থিতি ব্যবহার DOE স্থগিত করেছে।
- গ্রেড প্রদানের নীতি গ্রহণ করা হয়েছে এবং এলিমেন্টারি এবং মিডল্ স্কুল শিক্ষার্থীদের আর আগের মত একই মান অনুযায়ী গ্রেড দেয়া হয়না।

যেহেতু এই তথ্য আর লভ্য নয় সেহেতু যাচাইকৃত (স্ক্রিনড্) প্রোগ্রামগুলোর ভর্তি কীভাবে সামঞ্জস্য করতে হবে সেবিষয়ে DOE সিদ্ধান্ত নিচ্ছে। এটাই হচ্ছে সিটি জুড়ে পিতামাতা এবং শিক্ষার্থীদের সম্পৃক্ত করার এই নতুন সিরিজের উদ্দেশ্য।

## এরপর কী?

DOE ধারনা ও দৃষ্টিভঙ্গি গ্রহণ করতে পিতামাতা, স্কুল নেতৃবৃন্দ, শিক্ষার্থী, এবং অন্যান্য স্বার্থসংশ্লিষ্টগণদের সম্পৃক্ত করছে। অতিরিক্তভাবে, এক্সিকিউটিভ সুপারিনটেনডেন্টদের সাথে বরো-ভিত্তিক বৈঠকে যোগদান করতে সকল পিতামাতা এবং শিক্ষার্থীরা আমন্ত্রিত:

- **ব্রংক্স** এক্সিকিউটিভ সুপারিনটেনডেন্ট রস্ পোর্টার (Ross Porter)-এর সাথে, **বুধবার, 27 মে,** (6pm-8pm)
- **কুইন্স** এক্সিকিউটিভ সুপারিনটেনডেন্ট মুনিয়েজ্-সারডুয়ই (Muñiz-Sarduy) এবং স্পেনসার (Spencer)-এর সাথে, **বৃহস্পতিবার, 28 মে,** (6pm-8pm)
- **স্ট্যাটেন আইল্যান্ড** এক্সিকিউটিভ সুপারিনটেনডেন্ট লোডিকো (Lodico)-এর সাথে, **শুক্রবার, 29 মে** (6pm-8pm)
- **ম্যানহাটান** এক্সিকিউটিভ সুপারিনটেনডেন্ট রোসালেস্ (Rosales)-এর সাথে, **সোমবার 1 জুন** (6pm-8pm)
- **ব্রুকলিন** এক্সিকিউটিভ সুপারিনটেনডেন্ট ওয়াটস্ (Watts) এবং ফ্রিম্যান (Freeman)-এর সাথে, **মঙ্গলবার 2 জুন,** (6pm-8pm)

কীভাবে অংশগ্রহণ করতে হবে সেবিষয়ে আরো তথ্যের জন্য, schools.nyc.gov/AdmissionsEngagement ভিজিট করুন।

অতিরিক্তভাবে, DOE চ্যান্সেলরস্ প্যারেন্ট অ্যাডভাইজরি কাউন্সিল, CEC প্রেসিডেন্টস্, প্রেসিডেন্টস্ কাউন্সিল, এবং অন্যান্য প্যারেন্ট অ্যাডভাইজরি গ্রুপগুলোর সাথে বৈঠকের মাধ্যমে সিটিজুড়ে পিতামাতা নেতৃবৃন্দের (প্যারেন্ট লিডারস) কাছ থেকে মতামত গ্রহণ করছে।